দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JUN 1997
পৃষ্ঠা ৭ কলাম ৪

০৬

## ইসলামী ভার্সিটিতে ভিসি অপসারণের দাবীতে আজ হইতে অবরোধ

ইসলামী বিশ্ববিদ্যালয়, সংবাদদাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ইনাম-উল-হকের বিরুদ্ধে ব্যাপক দুর্নীতি, দলীয়করণ, অর্থ-আত্মসাৎ, স্বজন-

(১১ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

### ইসলামী ভার্সিটি

(১ম পৃঃ পর)

প্রীতি, শিবিরকে সহায়তা দান ও ক্ষমতা অপব্যবহারসহ বেশ কিছু অভিযোগে অবিলম্বে তাহার অপসারণের দাবীতে ছাত্রলীগের (শা-পা) আহ্বানে আজ (রবিবার) হইতে লাগাতারভাবে প্রশাসনভবন অবরোধের কর্মসূচী শুরু হইতেছে। উক্ত ভবনে অবস্থিত পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয় কর্মসূচীর আওতামুক্ত থাকায় সকল বিভাগের ক্লাস পরীক্ষা যথারীতি চলিবে।

গত বৃহস্পতিবার ছাত্রলীগ ঘোষিত এই কর্মসূচীর প্রতি ছাত্রদলও একাত্মতা ঘোষণা করিয়াছে। কর্মসূচীর প্রেক্ষিতে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের চলতি মাসের বেতন ভাতা উত্তোলনের বিষয়টি অনিশ্চিত হইয়া পড়িয়াছে। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে আজ ক্যাম্পাস ও সংলগ্ন এলাকায় দুইজন ম্যাজিষ্ট্রেট ও কয়েক শত পুলিশ মোতায়েন করা হইবে বলিয়া জানা গিয়াছে।